

জাতীয় শিক্ষা সপ্তাহ ২২শে ফেব্রুয়ারী থেকে শুরু হচ্ছে

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জাতীয় শিক্ষা সপ্তাহ-৯০ উদযাপনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। শিক্ষা প্রতিমন্ত্রী আলহাজ্ব মোঃ মনসুর আলী সরকার, শিক্ষা সচিব আ ন ম ইউসুফ, বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব আনিসুর রহমান, সংস্কৃতি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব ডঃ এনামুল হক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম এ মান্নান সভায় উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।

সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, এ বছরের শিক্ষা সপ্তাহের মূল শ্লোগান হবে "শিক্ষা উন্নয়নের বাহন"। সভায় আগামী ২২ থেকে ২৭ ফেব্রুয়ারী জেলা পর্যায়ে, ৩ থেকে ৫ মার্চ বিভাগীয় পর্যায়ে এবং ১৭ থেকে ১৯ মার্চ জাতীয় পর্যায়ে এই সপ্তাহ উদযাপন করার সিদ্ধান্ত নেয়া হয়।

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

জাতীয় শিক্ষা সপ্তাহ

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে একটি জাতীয় সাপ্তাহিক কমিটি গঠন করা হয়। শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম এই কমিটির প্রধান পৃষ্ঠপোষক এবং সংস্কৃতি প্রতিমন্ত্রী সৈয়দ দিদার বখ্ত ও শিক্ষা প্রতিমন্ত্রী আলহাজ্ব মোঃ মনসুর আলী সরকার পৃষ্ঠপোষক থাকবেন। শিক্ষা সচিব এই কমিটির সভাপতি। এছাড়া, একটি জাতীয় কার্যনির্বাহী কমিটি, একটি জাতীয় স্টিমারিং কমিটি এবং ৭টি উপ-কমিটি গঠন করা হয়।

কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য তিন দিনব্যাপী অনুষ্ঠানমালার মধ্যে থাকবে সেমিনার, সিম্পোজিয়াম, সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং শ্রেষ্ঠ শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে পুরস্কার বিতরণী এবং শিক্ষা ব্যবস্থাপন উপর আলোচনা অনুষ্ঠান।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম সভায় বলেন, রাষ্ট্রপতি এরশাদ কর্তৃক প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা, ৮ম শ্রেণী পর্যন্ত গ্রামীণ ছাত্রীদের বেতন মওকুফ এবং আন্তর্জাতিক সাক্ষরতা বর্ষ-৯০ উদযাপনের প্রেক্ষাপটে এ বছরের শিক্ষা সপ্তাহ উদযাপন বিশেষ গুরুত্ব বহন করে।

তিনি বলেন, শিক্ষা সম্পর্কে সচেতনতা সৃষ্টি এবং শিক্ষার পরিবেশ ও মান উন্নয়নের জন্য শিক্ষা সপ্তাহের কর্মসূচীকে যথাযথ গুরুত্ব দিতে হবে। তিনি আরো বলেন, আগামী দশকে জাতির কার্যকর উন্নয়নের গতি অর্জন করতে হলে মানব সম্পদ উন্নয়নের জন্য শিক্ষার উপর অগ্রাধিকার আরোপ করতে হবে।